

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
শৃঙ্খলা শাখা
www.mefwd.gov.bd

নং ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৪১.২০-১৬৬


তারিখ: ০৫ কার্তিক ১৪২৭
২১ অক্টোবর ২০২০

বিষয়ঃ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি-৩ এর দফা (খ) মোতাবেক ব্যক্তিগত শুনানি গ্রহণ।

- সূত্রঃ (১) স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৪১.২০-১৪০ তারিখঃ ০৮/০৯/২০২০ খ্রি.
(২) জনাব মো: হেলালউদ্দিন-এর গত ২৪/০৯/২০২০ খ্রি. তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, জনাব মো: হেলালউদ্দিন প্রাক্তন অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), বগুড়া নার্সিং কলেজ, বগুড়া-এর বিরুদ্ধে “সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮”-এর বিধি-৩ এর দফা (খ) মোতাবেক ‘অসদাচরণ (Misconduct)’-এর দায়ে গত ০৮/০৯/২০২০ খ্রি. তারিখের ১৪০ নম্বর স্মারকে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে ব্যক্তিগত শুনানি আগামী ২৭/১০/২০২০ খ্রি: তারিখ বেলা ১১:০০ টায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব মহোদয় কর্তৃক তাঁর অফিস কক্ষে (কক্ষ নং-৩১১, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) গ্রহণ করা হবে।

২। প্রয়োজনীয় সাক্ষ্য-প্রমাণসহ নির্ধারিত তারিখ ও সময়ে শুনানিতে উপস্থিত থাকার জন্য নিদর্শক্রমে অনুরোধ করা হলো।


২১/০৮/২০২০
(উম্মো কুলসুমা)
উপসচিব

ফোন: ৯৫৪৬৩৭৬
Email: disc1@mefwd.gov.bd

জনাব মো: হেলালউদ্দিন
প্রাক্তন অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
বগুড়া নার্সিং কলেজ, বগুড়া

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, আংপিএইচ স্কুল রোড, মহাখালী, ঢাকা-১২১২ (সংশ্লিষ্ট নথি-পত্রসহ একজন উপযুক্ত কর্মকর্তাকে উল্লিখিত শুনানিতে প্রেরণের অনুরোধসহ)।
- ২। যুগ্মসচিব (নিরাপত্তা-২ অধিশাখা), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তাদের বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিভিল সার্জন, সিভিল সার্জন অফিস, বগুড়া।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণপূর্বক প্রতিবেদন অত্র শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৬। সহকারী পরিচালক (নার্সিং), রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৭। জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস, বগুড়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
শুজলা শাখা
www.mefwd.gov.bd

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৩৩.২০-১৬৭


তারিখ: ৫ কার্তিক ১৪২৭
২১ অক্টোবর ২০২০

বিষয়: সরকারি কর্মচারী (শুজলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি-৩ এর দফা (খ) মোতাবেক ব্যক্তিগত শুনানি গ্রহণ।

- সূত্র: (১) স্মারক নম্বর: ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৩৩.২০-১৫২ তারিখ: ২৯/০৯/২০২০ খ্রি.
(২) জনাব আব্দুল হামিদ মোড়ল-এর গত ১৪/১০/২০২০ খ্রি. তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে নিম্নস্বাক্ষরকারী আদিত হয়ে জানাচ্ছে যে, জনাব আব্দুল হামিদ মোড়ল, উপ-পরিচালক (প্রশিক্ষণ), জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট), ঢাকা এর বিরুদ্ধে “সরকারি কর্মচারী (শুজলা ও আপিল) বিধিমালা, ২০১৮”-এর বিধি-৩ এর দফা (খ) মোতাবেক ‘অসদাচরণ (Misconduct)’-এর দায়ে গত ২৯/০৯/২০২০ খ্রি. তারিখের ১৫২ নম্বর স্মারকে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে ব্যক্তিগত শুনানি আগামী ২৭/১০/২০২০ খ্রি: তারিখ বেলা ১১:৩০ টায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব মহোদয় কর্তৃক তাঁর অফিস কক্ষে (কক্ষ নং-৩১১, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) গ্রহণ করা হবে।

২। প্রয়োজনীয় সাক্ষ্য-প্রমাণসহ নির্ধারিত তারিখ ও সময়ে শুনানিতে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২১/১০/২০২০
(উম্মে ফুলসুম)
উপসচিব

ফোন: ৯৫৪৬৩৭৬

Email: disc1@mefwd.gov.bd

জনাব আব্দুল হামিদ মোড়ল
উপ-পরিচালক (প্রশিক্ষণ)
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)
১৩/১ শেখ সাহেব বাজার রোড, আজিমপুর ঢাকা-১২০৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ’ল (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট), ১৩/১ শেখ সাহেব বাজার রোড, আজিমপুর, ঢাকা-১২০৫ (সংশ্লিষ্ট নথি-পত্রসহ একজন উপযুক্ত কর্মকর্তাকে উল্লিখিত শুনানিতে প্রেরণের অনুরোধসহ)।
- ২। যুগ্মসচিব (নিরাপত্তা-২ অধিশাখা), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তাদের বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। যুগ্মসচিব (শুজলা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।

নং: ৫৯.০০.০০০০.১১৭.২৭.০২৯.১৯-১৮৮

তারিখ: ০৫ কার্তিক ১৪২৭
২১ অক্টোবর ২০২০

অভিযোগনামা

যেহেতু, আপনি ডা: মোহাম্মদ আলী, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), কলমাকান্দা, নেত্রকোণা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ১৮/০৫/২০১৪ তারিখের পপঅ/এমসি-আরএইচ/ডাক্তার-৩১/০৫/১১২৫ নম্বর স্মারকে আপনাকে ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া উপজেলা হতে নেত্রকোণা জেলার কলমাকান্দা উপজেলায় বদলি করা হয়। এর পরিপ্রেক্ষিতে ময়মনসিংহ জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের ২৭/০৭/২০১৪ তারিখের জেপপম/২০১৪/৬৪৪/১(৩০) নম্বর স্মারকে বদলিকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্ত ছাড়পত্র প্রদান করা হলেও আপনি যথাসময়ে বদলিকৃত কর্মস্থলে যোগদান করেননি;

যেহেতু, আপনি যথাসময়ে বদলিকৃত কর্মস্থলে যোগদান না করে দীর্ঘদিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার পর গত ১৩/০৩/২০১৬ তারিখে বদলিকৃত কর্মস্থল কলমাকান্দা, নেত্রকোণায় যোগদান করেন:

যেহেতু, আপনি দীর্ঘদিন অননুমোদিত অনুপস্থিতির কারণ কর্তৃপক্ষকে অবহিত করেননি;


যেহেতু, আপনি ১৩/০৩/২০১৬ তারিখে কলমাকান্দা, নেত্রকোণায় যোগদান করার পর হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত আছেন;

যেহেতু, আপনার বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির কারণে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ০৪/০৮/২০১৬ তারিখের পপ/প্র-ই/শৃ(শা-২)/৬১/২০১৬/৩১১ নম্বর স্মারকে কারণ দর্শানো নোটিশ জারী করা হয়। আপনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। আপনার দাখিলকৃত জবাব সন্তোষজনক নয়;

যেহেতু, আপনার অননুমোদিত অনুপস্থিতিতে মা ও শিশু স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম ব্যাহত হয়েছে এবং বিভাগীয় ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে;

যেহেতু, আপনার এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩ এর দফা (খ) ও (গ) মোতাবেক অসদাচরণ ও পলায়নের দায়ে দোষী হিসেবে গণ্য হওয়ার যোগ্য ও শাস্তিযোগ্য অপরাধ;


সেহেতু, আপনার এহেন কার্যকলাপের জন্য আপনাকে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩ এর দফা (খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে অভিযুক্ত করা হলো। উক্ত অভিযোগের দায়ে কেন আপনাকে উল্লিখিত বিধিমালার ৪ (৩) (ঘ) বিধি মোতাবেক সরকারি 'চাকুরী হইতে বরখাস্তকরণ' দন্ড প্রদান করা হবে না বা উপরোক্ত বিধিমালার আওতায় অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না, সে সম্পর্কে আপনার লিখিত জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও লিখিত জবাবে উল্লেখ করতে হবে। যে সকল অভিযোগের ওপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণয়ন করা হয়েছে, তার একটি বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হলো।


(মোঃ আলী নূর)
সচিব

ডা: মোহাম্মদ আলী
মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)
কলমাকান্দা, নেত্রকোণা

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
(তথ্যটি রেজিষ্টার/কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হ'ল)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, নেত্রকোণা।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণপূর্বক প্রতিবেদন অত্র শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।


২১/১০/২০২০
(উস্মে কুলসুম)

উপসচিব

ফোন: ৯৫৪৬৩৭৬
Email: disc1@mefwd.gov.bd